

তপশিলি জাতি ও উপজাতির মেধাবী ছাত্র-ছাত্রীদের ডঃ আশ্বেদকর জাতীয় মেধা পুরস্কার প্রদান

নয়াদিল্লি, ১৮ এপ্রিল, ২০১৭

আজ নয়াদিল্লীর এক অনুষ্ঠানে তপশিলি জাতি ও উপজাতির মেধাবী ছাত্র-ছাত্রীদের ২০১৬ সালের মাধ্যমিক ও উচ্চ-মাধ্যমিক পরীক্ষায় ভালো ফলের জন্য ডঃ আশ্বেদকর জাতীয় মেধা পুরস্কার প্রদান করা হয়। ২০১৬ সালে দশম ও দ্বাদশ শ্রেণীর পরীক্ষায় সবচেয়ে বেশী নম্বর প্রাপ্ত তপশিলি জাতি ও উপজাতির ছাত্র-ছাত্রীদের হাতে পুরস্কার তুলে দেন সামাজিক ন্যায় ও ক্ষমতায়ন প্রতীমন্ত্রী শ্রী কৃষন পাল গুজ্জর, শ্রী বিজয় সাম্পলা ও শ্রী রামদাস আথাওয়ালে। অনুষ্ঠানে 'ওয়ার্কস অফ বাবাসাহেব আশ্বেদকর'-এর নবমুদ্রিত সংস্করণ ও একসেট অডিও সিডি প্রকাশ করা হয়। অনুষ্ঠান আয়োজনের দায়িত্বে ছিল সামাজিক ন্যায় ও ক্ষমতায়ন মন্ত্রকাধীন সংস্থা ডঃ আশ্বেদকর ফাউন্ডেশন।

পুরস্কারগুলি দুটি বিভাগে প্রদান করা হয়। একটি বিভাগে ছিল ২০১৬-র মাধ্যমিক স্তরের পরীক্ষায় ভালো ফল করেছে যে তপশিলি জাতি ও উপজাতির ছাত্র-ছাত্রীরা। প্রথম, দ্বিতীয় বা তৃতীয় স্তানাধিকারীদের মধ্যে কোন ছাত্রী না থাকায় সর্বোচ্চ নম্বরপ্রাপ্ত ছাত্রীদের বিশেষ পুরস্কার দেওয়া হয়। এই বিশেষ পুরস্কারগুলি মেয়েদের শিক্ষা গ্রহণে উৎসাহদানের জন্য রাখা হয়েছে।

দ্বিতীয় বিভাগের পুরস্কারগুলি ২০১৬ সালের উচ্চ মাধ্যমিক স্তরের সর্বোচ্চ নম্বর প্রাপ্ত তপশিলি ছাত্র-ছাত্রীদের দেওয়া হয়। সব মিলিয়ে দশম শ্রেণীর ৭৯ জন ও দ্বাদশ শ্রেণীর ১০৫ জন ছাত্রছাত্রী পুরস্কার পেয়েছে। প্রথম স্তানাধিকারীদের ৬০ হাজার টাকা করে, দ্বিতীয় স্তানাধিকারীদের ৫০ হাজার টাকা ও তৃতীয় স্তানাধিকারী ছাত্র-ছাত্রীদের ৪০ হাজার টাকা করে দেওয়া হয়েছে।

সামাজিক ন্যায় ও ক্ষমতায়ন মন্ত্রী এবং ডঃ আশ্বেদকর ফাউন্ডেশন চেয়ারম্যান শ্রী থাওয়ার চাঁদ গেহলট তাঁর বার্তায় বলেন, শিক্ষা একটি গুরুত্বপূর্ণ অস্ত্র যা প্রত্যেক পড়ুয়ার আয়ত্বে থাকা উচিত। তিনি ছাত্র-ছাত্রীদের আহ্বান করেন যাতে তারা নিজেদের সম্পূর্ণভাবে পড়াশোনায় যুক্ত রাখে কারণ তাহলে সমাজ ও দেশ উপকৃত হবে। তিনি ছাত্র-ছাত্রীদের আগামীদিনে জীবন-জীবিকায় সাফল্য কামনা করেন।

শ্রী বিজয় সাম্পলা বলেন, ডঃ আশ্বেদকর তপশিলী জাতিদের প্রগতির ক্ষেত্রে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছেন এবং তিনি জ্ঞানের প্রতীক হিসেবে পরিচিত ছিলেন।

TRIPURAINFO

জীবনযাপনের শিল্পটির বিষয়ে ডঃ আশ্বেদকরের জীবনী থেকে আমরা শিক্ষা গ্রহণ করতে পারি বলেও শ্রী সাম্পলা জানান। শ্রী রামদাস আথাওয়ালে মতপ্রকাশ করে বলেন যে, ছাত্র-ছাত্রীদের উচিত কেবল চাকুরির সন্ধান না করে ব্যবসায়িক উদ্যোগ গ্রহণ করা এবং তপশিলি জাতির প্রার্থীদের এক্ষেত্রে সাহায্য করতে সামাজিক ন্যায় ও ক্ষমতায়ন মন্ত্রক ভেঞ্চার ক্যাপিটাল ফান্ডের একটি প্রকল্প চালু করেছে। শ্রী কৃষ্ণ পাল গুজর জানান, ডঃ আশ্বেদকরের জীবনের সঙ্গে যুক্ত পাঁচটি স্থানকে ভারত সরকার পঞ্চতীর্থ হিসেবে ঘোষণা করেছে। তিনি ছাত্রছাত্রীদের একটি লক্ষ্যে শিহর করে নিতে আহ্বান করেন।

